সমকাল

তারিখ 11 JAN 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# খেলার মাধ্যমে শিক্ষা গ্রহণে শিশুর বিকাশ ত্বরান্বিত হয়

■ সমকাল প্রতিবেদক

শিশুরা খেলতে খেলতে শিক্ষালাভ করতে পছন্দ করে। চমৎকার সব খেলার মাধ্যমে তাদের মনোসামাজিক বিকাশ ত্বরান্বিত হয়। গতকাল মঙ্গলবার 'খেলার মাধ্যমে শিক্ষা : জীবনব্যাপী অভিজ্ঞতা' শীর্ষক এক সংলাপে বক্তারা এ অভিমত দেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধীনে ব্র্যাক ইনস্টিটিউট অব এডুকেশনাল ডেভেলপমেন্ট (বিআইইডি) আয়োজিত এই সংলাপ অনুষ্ঠিত হয় মহাখালীর ব্র্যাক সেন্টারে। অনুষ্ঠানে ডেনমার্কভিত্তিক মানবকল্যাণমূলক গবেষণাকেন্দ্র লেগো ফাউন্ডেশনের পক্ষ থেকে শিশুদের শিক্ষাদানের জন্য বিভিন্ন মনোমুগ্ধকর খেলা উপস্থাপন ও বিশ্লেষণ করা হয়। দুই ঘণ্টার এই সেশন উদ্বোধন করেন ব্র্যাকের ঊর্ধ্বতন পরিচালক আসিফ সালেহ।

**ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সংলাপ**

প্রবন্ধ উপস্থাপন এবং আলোচনা করেন লেগো ফাউন্ডেশনের 'লার্নিং থ্রু প্লে ইন আর্লি চাইল্ডহুড' কর্মসূচির প্রধান মিরিয়াম স্কনিং, ঊর্ধ্বতন গবেষক জিল পপ ও কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর রিসার্চ অন প্লে ইন এডুকেশন, ডেভেলপমেন্ট অ্যান্ড লার্নিংয়ের ভারপ্রাপ্ত পরিচালক ডেভিড হোয়াইটব্রেড।

আলোচনার উল্লেখযোগ্য বিষয় ছিল বিভিন্ন বেসরকারি স্কুল ও ইনস্টিটিউশন থেকে আসা অংশগ্রহণকারীদের গ্রুপভিত্তিক খেলার নানা উপস্থাপনা। লেগো ফাউন্ডেশনের সহযোগিতায় বিআইইডির আওতায় 'সেন্টার ফর প্লে' নামে এটি বাস্তবায়িত হচ্ছে। পরীক্ষিত ও বাস্তবায়নযোগ্য ধারণার ওপর ভিত্তি করে এই 'প্লে ল্যাব মডেল'-এর পাইলট প্রকল্প নেওয়া হয়েছে। পরবর্তী সময়ে কীভাবে কম খরচে এ ■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

## খেলার মাধ্যমে

[তৃতীয় পৃষ্ঠার পর]

মডেলকে শিশুদের মাঝে ছড়িয়ে দেওয়া যায়, তা প্রতিষ্ঠিত করা এই প্রকল্পের উদ্দেশ্য। অনুষ্ঠানে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক প্রতিনিধি, স্থানীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার নেতৃস্থানীয় ব্যক্তিরা অংশ নেন।